

Visit of the Foreign Secretary to New York (14-16 July 2021)

July 15, 2021

বিদেশ সচিবের নিউ ইয়র্ক সফর (14-16 জুলাই 2021)

জুলাই 15, 2021

জুলাই 2021 -এর জন্য ফ্রান্সের পৌরহিত্যে রাষ্ট্রপুঞ্জের সুরক্ষা পরিষদের অনুর্তিতব্য উচ্চস্তরীয় বৈঠকে অংশগ্রহণের জন্য বিদেশ সচিব শ্রী হর্ষবর্ধন শৃঙ্গলা 14-16 জুলাই 2021-এ একটি সরকারি সফরে নিউ ইয়র্ক যাচ্ছেন।

2. জুলাই 15, 2021 তারিখে ফ্রান্সের ইউরোপ এবং বিদেশ বিষয়ক মন্ত্রী জাঁ-ইভ লাদেরিয়াঁ-র পৌরহিত্যে "লিবিয়ার পরিস্থিতি"-র উপরে উচ্চস্তরীয় সুরক্ষা পরিষদে বিবরণী পাঠে বিদেশ সচিব অংশগ্রহণ করেছেন। বিদেশ সচিব তার হস্তক্ষেপে, নির্ধারিত 2021 সালের 24 ডিসেম্বরে লিবিয়াতে নির্বাচন অনুর্তানের গুরুত্ব, লিবিয়ার সার্বভৌমত্ব, স্বাধীনতা, ঐক্য ও আঞ্চলিক অখণ্ডতা রক্ষার প্রয়োজনীয়তা এবং যুদ্ধবিরতি চুক্তির পূর্ণ প্রয়োগের গুরুত্বের উপর জোরারোপ করেছেন। তিনি লিবিয়ায় অস্ত্র নিষেধাজ্ঞার লঙ্ঘনের জন্য উদ্বেগ প্রকাশ করেছেন এবং লিবিয়ায় সন্ত্রাসবাদী গোষ্ঠী ও সংস্থাগুলিকে যাতে নির্বিঘ্নে তাদের কাজ করতে না দেওয়া হয় তা নিশ্চিত করার প্রয়োজনীয়তার কথা উল্লেখ করেছেন। তিনি লিবিয়া এবং লিবিয়ার জনগণকে দেশে স্থায়ী শান্তি ফিরিয়ে আনার প্রয়াসকে সমর্থন করার ক্ষেত্রে ভারতের প্রতিশ্রুতিকে পুনরায় ব্যক্ত করেছেন এবং পারস্পরিক চিহ্নিত অঞ্চলে সক্ষমতা বৃদ্ধি ও প্রশিক্ষণ সহায়তা প্রদানের জন্য ভারতের সহায়তার প্রস্তাব প্রদান করেছেন।

3. বিদেশ সচিব 15ই জুলাই বিকেলে রাষ্ট্রপুঞ্জের মহাসচিব হিজ এক্সেলেন্সি অ্যান্টোনিও গুটেরেস-এর সাথেও সাক্ষাৎ করেছেন। তিনি দ্বিতীয়বারের জন্য নিযুক্ত হবার জন্য মহাসচিবকে অভিনন্দন জানিয়েছেন। বিদেশ সচিব, মহাসচিবকে আগস্টে তার পৌরহিত্য কালে মূলত সামুদ্রিক সুরক্ষা , শান্তিরক্ষা এবং সন্ত্রাস বিরোধিতায় সুরক্ষা পরিষদের জন্য ভারতের অগ্রাধিকার সম্পর্কে বিবরণ দিয়েছেন। আফগানিস্তান ও মায়ানমার সহ আঞ্চলিক পরিস্থিতি, জলবায়ু পরিবর্তন, আন্তর্জাতিক সেলারার জোট,

ইউএনএসসি সংস্কার এবং বিশ্বজুড়ে COVID-19 পরিস্থিতি নিয়ে মতামত বিনিময় করা হয়েছে। মহাসচিব সাম্প্রতিক COVID-19 অতিমারীর চেউয়ের বিরুদ্ধে ভারত সরকার ও ভারতের জনগণের প্রচেষ্টার সাথে সংহতি প্রকাশ করেছেন। রাষ্ট্রপুঞ্জের সুরক্ষা পরিষদে ভারতের ইতিবাচক ভূমিকা এবং সেইসাথে রাষ্ট্রপুঞ্জের শান্তি রক্ষায় জোরালো অবদানের প্রশংসা জ্ঞাপন করেছেন। মহাসচিব রাষ্ট্রপুঞ্জের সুরক্ষা পরিষদে ভারতের আসন্ন পৌরহিত্যের জন্য মঙ্গল কামনাও করেছেন।

4. ইউএনএসসি-র উচ্চস্তরীয় বৈঠকের গভীর বাইরে, বিদেশ সচিব ফ্রান্সের ইউরোপ এবং বিদেশ বিষয়ক মন্ত্রী হিজ এক্সেলেন্সি জাঁ-ইভ লাদেরিয়াঁ-র সাথেও সাক্ষাৎ করেছেন এবং ভারতের আগস্ট ইউএনএসসি-র সভাপতিত্বের উদ্যোগের বিষয়ে বিবরণ প্রদান করেছেন এবং ভারতের পৌরহিত্যে অনুষ্ঠিতব্য উচ্চস্তরীয় বৈঠকে তাকে বিদেশ মন্ত্রীর আমন্ত্রণ জানিয়েছেন।

5. বিদেশ সচিব আজ রাষ্ট্রপুঞ্জে ইউএস-এর স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত লিন্ডা থমাস গ্রীনফিল্ডের সাথেও বৈঠক করবেন এবং রাজনৈতিক এবং শান্তি গঠন বিষয়ক দপ্তর(ডিপিপিএ)-এর আন্ডার সেক্রেটারি জেনারেল শ্রীমতি রোজমেরি ডিকার্লো, শ্রীযুক্ত আচিম স্টেইনার , ইউএসজি এবং প্রশাসক, ইউএনডিপি, শ্রীমতি মারিয়া ভিওত্তি, মহাসচিবের শেফ ডে ক্যাবিনেট, শ্রীমতি ফুমজিলে মাম্বো-গুকা, একজিকিউটিভ ডিরেক্টর, ইউ এন উওমেন, এবং শ্রীযুক্ত কার্টনে র্যাডে, ইউএসজি, এবং এলসিডি ও এসআইডি-র উচ্চস্তরীয় প্রতিনিধি বর্গ সহ অন্যান্য উর্ধতন আধিকারিকদের সাথে রাষ্ট্রপুঞ্জের কার্য পদ্ধতি এবং এর সংস্থাগুলির সাথে ভারতের কাজ করবার সার্বিক বিষয় নিয়ে আলোচনা করার জন্য বৈঠক করবেন।

নিউ ইয়র্ক

জুলাই 15, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.